# ওয়েস্ট বেঙ্গল মোশন পিকচার আর্টিস্টস্ ফোরাম

টেকনিশিয়ানস্ স্টুডিও, ৪নং বাবুরাম ঘোষ রোড, কোলকাতা-৪০

Regd. No. : 22893

## বার্ষিক সাধারণ সভা

১৪ই এপ্রিল, ২০১৩

## ।। সম্পাদকের প্রতিবেদন ।।

পঞ্চদশ (১৫ তম) বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে হার্দিক শুভেচ্ছা জানাই। আগামী বাংলা নববর্ষ উপলক্ষে সবার জন্য রইল শুভ কামনা। সাধারণ সম্পাদক হিসেবে বিগত বছরের গৃহীত কর্মসূচীর সাফল্য ও ব্যর্থতার সামগ্রিক পর্যালোচনা, প্রতিবেদন আকারে আপনাদের কাছে পেশ করছি।

সংগঠনের সভ্যরা আজ যথেষ্ট সুশৃঙ্খল ও পরিণত। শিল্পী, কলাকুশলী ও প্রযোজকদের একসূত্রে বেঁধে, চলচ্চিত্র ও ভিডিও শিল্পকে আরও উন্নতমানে পৌঁছে দিতে আর্টিস্টস্ ফোরাম বদ্ধপরিকর। বঞ্চনা ও অন্যায়ের প্রতিবাদে শিল্পীদের কণ্ঠস্বর আজ আরো বেশী প্রত্যয়ী, জোরদার। একে অপরের সুখ দুঃখের সাথী হওয়ার, বিপদে পরস্পরের পাশে দাঁড়ানোর, একসাথে কাঁধে-কাঁধ মিলিয়ে আরও বড় লক্ষ্যের দিকে এগিয়ে যাওয়ার যে মানসিকতা থেকে ফোরামের সৃষ্টি, যাত্রা শুরু, সে যাত্রা আজও অব্যাহত। সম্পাদক হিসেবে এই বৃহৎ কর্মকান্ডে আপনাদের সকলের ঐকান্তিক সহযোগিতাকে আন্তরিক ধন্যবাদ জানাই।

আমরা বিগত দিনে আমাদের কয়েকজন প্রিয় শিল্পী বন্ধু ও গুণী কলাকুশলীকে হারিয়েছি, যাঁরা আমাদের এই সংগঠনের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত ছিলেন। তাঁদের অভাব আমরা সবসময় অনুভব করছি। হারাধন বন্দোপাধ্যায়, মীনাক্ষী গোস্বামী, নিরঞ্জন রায়, চন্দ্রা ঘোষ দস্তিদার, সুনীল মুখার্জী, তপতী (ঘোষ) ব্যানার্জী, ছবি বন্দোপাধ্যায়, সুমনা ভট্টাচার্য্য, দীপান্বিতা রায়, দীপ্তি রায়, ছবি তালুকদার, দীপক গাঙ্গুলী, ননী ব্যানার্জী, তুষারকান্তি ঘোষ, সুজিত ঘোষ।

আমরা কৃতজ্ঞচিত্তে তাঁদের স্মরণ করি ও তাঁদের আত্মার শান্তি কামনা করি। গভীর সমবেদনা জানাই তাঁদের পরিবারকে।

এবার আসি শিল্প সংক্রান্ত কিছু আলোচনায়। বাংলা চলচ্চিত্র শিল্পে ছবি তৈরীর জোয়ার এসেছে। উন্নতমানের ছবি তৈরীর প্রবণতা বেড়েছে। ব্যবসায়িক সাফল্য লাভ করেছে বহু ছবি, যা আমাদের সকলের পক্ষেই উৎসাহজনক। চলচ্চিত্র নির্মানের বিভিন্ন জাতীয় পুরস্কারের সংখ্যাই বাংলা ছবির সমৃদ্ধি প্রমাণ করে। অভিনন্দন জানাই পুরস্কারপ্রাপ্ত ছবির নির্মাতা, নির্দেশক, অভিনেতা ও কলাকুশলীদের। একই সঙ্গে বিভিন্ন চ্যানেলগুলিতে সিরিয়াল, গেম ও রিয়ালিটি শো-গুলির রমরমা, আমাদের আরো সুদিনের পথ দেখাচ্ছে।

প্রযোজক ও তাঁদের সংগঠনগুলির সঙ্গে বিভিন্ন প্রাসঙ্গিক বিষয়ে সমস্যার সমাধান করার জন্য আলোচনা অব্যাহত। সুবিধা অসুবিধা দুপক্ষেরই আছে। সবদিক লক্ষ্য রেখে পর্যালোচনার মধ্যে দিয়েই সমস্যার সমাধানে হওয়া উচিৎ। বিগত বছরগুলোর মতো ভবিষ্যতেও তা সম্ভব হবে বলে মনে করি। সকলকে এ বিষয়ে আরও বেশি সচেতন হতে হবে। আপনাদের মতামতের ওপর আমরা নির্ভরশীল।

এই বার্ষিক সাধারণ সভায় আমি আরেকবার সকলকে সদস্যপদ নবীকরণের কথাটা মনে করিয়ে দিতে চাই। আপনাদের সচেতনতা আমাদের কোষাগার সমৃদ্ধ করবে বলে আমার বিশ্বাস।

এবারের কোলকাতা চলচ্চিত্র উৎসবে ফোরাম সক্রিয়ভাবে অংশগ্রহণ করে সাফল্যের সঙ্গে। সেটাও সম্ভব হয়েছে আমাদের সদস্য ও সদস্যাদের স্বতঃস্ফূর্ত সহযোগিতায়।

আরও একটি বিষয়ের উল্লেখের দাবী রাখে। আমাদের একদিনের পারিশ্রমিক 'সিনেটেল'কে দিয়ে থাকি ওয়েলফেয়ার ট্রাস্ট-এর সাহায্যার্থে। প্রত্যেক শিল্পীদের এই ব্যাপারে গুরুত্ব সহকারে মনোনিবেশ করার জন্য আহ্বান জানাই।

ষাটোর্ধ অভিনেতা ও অভিনেত্রীদের জন্য 'ফোর্টিস হস্পিট্যালস্' এর পক্ষ থেকে 'ডিসকাউন্ট কার্ড' দেওয়ার কথা বলা হয়েছে। এর ফলে চিকিৎসাক্ষেত্রে তাঁরা বেশ কিছুটা ছাড় পাবেন। এটা সত্যিই প্রশংসনীয় পদক্ষেপ। ধন্যবাদ জানাই 'ফোর্টিস হস্পিট্যালস' কে। ব্যক্তিস্বার্থ সংগঠনের সামগ্রিক স্বার্থেই নিহিত রয়েছে। তাই আমরা সকলে ঐকবদ্ধ হয়ে আমাদের ফোরাম-কে এগিয়ে নিয়ে যেতে চাই। যাঁরা আমাদের কর্মসূচীর ব্যাপারে এখনো দ্বিধাগ্রস্থ, তাঁদের বলি — আসুন আমরা ভেদাভেদ, মনমালিন্য, মতভেদ, মান অভিমান ভুলে হাতে হাত মিলিয়ে আমাদের শিল্পকে উজ্জ্বলতর করে বাঁচিয়ে রাখার সুমহান প্রয়াসে ব্রতী হই।

সবাই ভালো থাকবেন।

ধন্যবাদান্তে-
বিনীত
সব্যসাচী চক্রবর্তী
(সাধারণ সম্পাদক)

১৪ই এপ্রিল, ২০১৩
(৩১শে চৈত্র, ১৪১৯)
টেকনিশিয়ান্স স্টুডিও
টালিগঞ্জ, কলকাতা-৭০০ ০৪০